দৈনিক
জনকণ্ঠ

তারিখ 18 JAN 2017
পৃষ্ঠা ১৪ ১



# বদরগঞ্জে পাটিতে বসে ক্লাস

**সংবাদদাতা, বদরগঞ্জ, রংপুর, ১৭ জানুয়ারি ॥** বদরগঞ্জ পৌরশহরের চাঁদকুঠির ডাঙ্গা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বসার বেঞ্চের অভাবে ছাত্রছাত্রীরা জরাজীর্ণ ছেঁড়া চট, পাটিতে বসে ক্লাস করছে। সোমবার সরজমিনে গিয়ে এ অবস্থা চোখে পড়ে। সূত্রমতে শিক্ষা প্রতিষ্ঠানটি ১৯৯৩ সালে প্রতিষ্ঠিত হয়। গত দুই বছর আগে বদরগঞ্জ পৌরসভার অনুদানে টিনশেডের তৈরি স্কুল ভবন, ৪টি শ্রেণীকক্ষ ও অফিস ঘর নির্মাণ করা হয়। তবে বেঞ্চ, ব্লাকবোর্ডসহ শিক্ষার উপকরণ না থাকায় পাঠদান ব্যাহত হচ্ছে। এসব কারণে অভিভাবকরা এ স্কুলে ছেলেমেয়ে পাঠাতে চান না। ম্যানেজিং কমিটি থাকলেও তারা এ বিষয়ে উদাসীন। প্রধান শিক্ষক শিমুল আকতার জানান, বিষয়গুলো উর্ধতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। সরকারীভাবে বিল্ডিং নির্মিত হলে প্রতিষ্ঠানটি প্রাণ ফিরে পাবে।